গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৩১/২০১৮-২০১৯

ঢাকা, বুধবার ২ জানুয়ারি ২০১৯, ১৯ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বঙ্গবন্ধুসহ জাতীয় চার নেতার প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা
২। স্বাধীনতাবিরোধীদের বিরুদ্ধে রায় দিয়েছে জনগণ : প্রধানমন্ত্রী শেখ হাসিনা
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সৌদি বাদশাহ ও কাতারের আমিরের অভিনন্দন
আরো অভিনন্দন জানালেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী
৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মুক্তিযোদ্ধাদের অভিনন্দন
৫। ভোটার উপস্থিতি ও বিরোধীদের অংশগ্রহণ গণতন্ত্রের প্রতি আকাঙ্খার বহিঃপ্রকাশ :
নির্বাচন নিয়ে ইইউ'র প্রতিক্রিয়া
৬। বাংলাদেশের পাশে থাকবে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য : নির্বাচন নিয়ে বিবৃতি
৭। অংশগ্রহণমূলক নির্বাচনকে স্বাগত জাতিসংঘের
৮। ১০ জানুয়ারির আগেই মন্ত্রিসভা গঠনের আশাবাদ সেতুমন্ত্রীর
৯। বছরের প্রথম দিন দেশজুড়ে পাঠ্যপুস্তক উৎসবে ৪ কোটি শিক্ষার্থী পেল ৩৫ কোটি বই
১০। নেতৃত্বহীনতার কারণেই নির্বাচনে ঐক্যফ্রন্টের ভরাডুবি হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী
১১। প্রধানমন্ত্রী শেখ হাসিনার মহাকর্মযজ্ঞেই এত বড় বিজয় অর্জন : তথ্যমন্ত্রী
১২। সাশ্রয়ী ও গ্রহণযোগ্য মূল্যে বিদ্যুৎ বিতরণ সরকারের অন্যতম অগ্রাধিকার : বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১৩। ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্থগিত ৩ কেন্দ্রে পুনঃভোট আগামী ৯ জানুয়ারি
১৪। সদ্য সমাপ্ত বছরে রেমিটেন্স এসেছে রেকর্ড ১৫৫৭ কোটি মার্কিন ডলার

চলমান পাতা-২

১। **বঙ্গবন্ধুসহ জাতীয় চার নেতার প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সদ্য অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয় হওয়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন। গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি অর্পণের মাধ্যমে এ শ্রদ্ধা জানান। পরে তিনি আওয়ামী লীগের জ্যেষ্ঠ নেতৃবৃন্দের সঙ্গে দলের সভানেত্রী হিসেবে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আরেকবার শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন। প্রধানমন্ত্রী এরপর বোন শেখ রেহানা ও কন্যা সায়মা ওয়াজেদ হোসেন পুতুলকে নিয়ে বনানী কবরস্থানে গিয়ে পুষ্পস্তবক অর্পণ করে ১৫ আগস্ট হত্যাযজ্ঞে নিহত শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পরে আওয়ামী লীগ সভানেত্রী জাতীয় তিন নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দিন আহমেদ ও ক্যাপ্টেন মনসুর আলীর কবরে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

২। **স্বাধীনতাবিরোধীদের বিরুদ্ধে রায় দিয়েছে জনগণ : প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গত ৩০ ডিসেম্বরের নির্বাচনের মাধ্যমে দেশের জনগণ যুদ্ধাপরাধী এবং স্বাধীনতাবিরোধী শক্তির বিরুদ্ধে রায় দিয়েছে। তিনি বলেন, বাংলাদেশের মাটিতে যুদ্ধাপরাধী এবং স্বাধীনতাবিরোধী শক্তির কোনো ঠাঁই নেই এবং দেশ মুক্তিযুদ্ধের চেতনাতেই এগিয়ে যাবে। এটাই বাস্তবতা। আমরা এ নির্বাচনের মাধ্যমে জনগণের সে সম্মতিই লাভ করেছি। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করায় গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) বিভিন্ন শ্রেণি-পেশার নাগরিকরা গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানাতে গেলে তিনি এসব কথা বলেন। মন্ত্রিপরিষদের সদস্য, রাজনৈতিক নেতা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, শিল্পী, কবি-সাহিত্যিক, গায়ক-গায়িকা, চিকিৎসক, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধি এবং উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তারা প্রধানমন্ত্রীকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

৩। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সৌদি বাদশাহ ও কাতারের আমিরের অভিনন্দন**
**আরো অভিনন্দন জানালেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ নিরঙ্কুশ জয়লাভ করায় সৌদি আরবের বাদশাহ ও পবিত্র দুই মসজিদের রক্ষক সালমান বিন আবদুল আজিজ আল সউদ গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহ্সানুল করিম জানান, সৌদি বাদশাহ গত ৩০ ডিসেম্বর রোববার অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ জয়লাভ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গত মঙ্গলবার অভিনন্দন বার্তা পাঠিয়েছেন। সৌদি বাদশাহ বার্তায় প্রধানমন্ত্রীর সাফল্য কামনা করেছেন। পাশাপাশি তিনি বাংলাদেশের জনগণের অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করেন। প্রেস সচিব আরো জানান, সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান বিন আবদুল আজিজ আল সউদ পৃথক এক বার্তায় আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আরো অভিনন্দন জানিয়েছেন কাতারের আমীর শেখ তামীম বিন হামাদ আল থানি। এছাড়া গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনা ও প্রধানমন্ত্রী রনিল বিক্রমসিংহে। সূত্র-**ইত্তেফাক**(পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৪। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মুক্তিযোদ্ধাদের অভিনন্দন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ বিজয় অর্জন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন মুক্তিযোদ্ধা সংসদের সাবেক নেতারা। এক বিবৃতিতে তাঁরা সুষ্ঠু ও সুন্দর নির্বাচন উপহার দেওয়ার জন্য নির্বাচন কমিশন, সব রিটার্নিং ও প্রিসাইডিং কর্মকর্তাসহ নির্বাচন-সংশ্লিষ্ট কর্মকর্তা, সেনা, নৌ, বিজিবি, র‍্যাব, পুলিশ, আনসারসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং ভোটার ও দেশবাসীকে ধন্যবাদ জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮)।

৫। **ভোটার উপস্থিতি ও বিরোধীদের অংশগ্রহণ গণতন্ত্রের প্রতি আকাঙ্খার বহিঃপ্রকাশ : নির্বাচন নিয়ে ইইউ'র প্রতিক্রিয়া**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে এক প্রতিক্রিয়ায় ইউরোপীয় ইউনিয়ন বলেছে, নির্বাচনে ভোটারদের ব্যাপক উপস্থিতি ও বিরোধীদলগুলোর অংশগ্রহণে গণতন্ত্রের প্রতি বাংলাদেশের মানুষের আকাঙ্খার বহিঃপ্রকাশ ঘটেছে। ইউরোপীয় ইউনিয়নের সদরদপ্তর বেলজিয়ামের ব্রাসেলস থেকে মুখপাত্র মাজা কোসিজানকিক গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) এক বিবৃতিতে এ আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানান। গত দশ বছরের মধ্যে সংসদ নির্বাচনে বিরোধীদলগুলোর অংশগ্রহণের প্রশংসা করে ইইউ। বিবৃতিতে ইইউ আশা প্রকাশ করে বলেছে, সামনের দিনগুলোতে গণতন্ত্র, মানবাধিকার এবং মৌলিক স্বাধীনতার প্রতি বাংলাদেশ সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বাংলাদেশের মানুষের স্বার্থে ইইউ এসব ক্ষেত্রে সরকারকে সর্বাত্মক সহযোগিতা দেবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

৬। **বাংলাদেশের পাশে থাকবে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য : নির্বাচন নিয়ে বিবৃতি**

বাংলাদেশের উন্নয়ন, গণতন্ত্রের বিকাশ ও মানবাধিকার রক্ষার মতো ইস্যুতে পাশে থাকার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও ইউরোপীয় ইউনিয়ন। যুক্তরাষ্ট্র বলেছে, সদ্য সমাপ্ত নির্বাচনে বিপুলসংখ্যক ভোটার ও বড় রাজনৈতিক দলগুলোর অংশগ্রহণ ছিল ইতিবাচক অগ্রগতি। ব্রিটেন জানিয়েছে, আরও স্থিতিশীল, সমৃদ্ধ ও গণতান্ত্রিক বাংলাদেশের আকাঙ্ক্ষা পূরণে জনগণের পাশে থাকবে যুক্তরাজ্য। গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) পৃথক বিবৃতিতে এসব কথা বলা হয়। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-মুখপাত্র রবার্ট পালাদিনোর বিবৃতিতে সব রাজনৈতিক দলকে সহিংসতা থেকে দূরে থাকার আহ্বান জানানো হয়। এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল বিষয়ক ব্রিটেনের পররাষ্ট্র প্রতিমন্ত্রী মার্ক ফিল্ড বলেছেন, কার্যকর গণতন্ত্রের জন্য শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক নির্বাচন জরুরি। বাংলাদেশের জনগণের স্বার্থেই এখন সরকার ও বিরোধীদলগুলোর একত্রে কাজ করা এবং মতভিন্নতা দূর করা অপরিহার্য। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭)।

৭। **অংশগ্রহণমূলক নির্বাচনকে স্বাগত জাতিসংঘের**

অংশগ্রহণমূলক একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে স্বাগত জানিয়েছে জাতিসংঘ। তবে নির্বাচনকালীন সহিংসতায় প্রাণহানি ও ক্ষয়ক্ষতির ঘটনায় দুঃখ প্রকাশ করেছে সংস্থাটি। নিউইয়র্কে জাতিসংঘ মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিক গতকাল ১ (জানুয়ারি মঙ্গলবার) এক বিবৃতিতে এ কথা জানান। বিবৃতিতে দেশের মানুষের অধিকার ও মতপ্রকাশের স্বাধীনতার ওপর গুরুত্বারোপ করা হয়। স্টিফেন ডুজারিক বলেন, বিরোধীপক্ষের নির্বাচনে অংশগ্রহণকে আমরা স্বাগত জানাই। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪) **যুগান্তর** (পৃ,১,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৮। **১০ জানুয়ারির আগেই মন্ত্রিসভা গঠনের আশাবাদ সেতুমন্ত্রীর**

কবে নতুন মন্ত্রিসভা শপথ নিবে সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দু'একদিনের মধ্যেই নির্বাচন কমিশন (ইসি) থেকে গেজেট প্রকাশ করা হবে। এরপর সংসদ সদস্যরা শপথ নেবেন। নিয়মানুযায়ী রাষ্ট্রপতি সরকার গঠনের আমন্ত্রণ জানাবেন। আমাদের সভানেত্রী শেখ হাসিনা সংখ্যাগরিষ্ঠ দলের নেতা হিসেবে রাষ্ট্রপতির সঙ্গে দেখা করবেন। আলাপ-আলোচনা করে নতুন মন্ত্রিসভার শপথের বিষয়ে সিদ্ধান্ত নেবেন। ১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসের আগেই আশা করছি নতুন মন্ত্রিসভা গঠন হবে। গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর ধানমণ্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে নির্বাচন পরবর্তী শুভেচ্ছা বিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৯। বছরের প্রথম দিন দেশজুড়ে পাঠ্যপুস্তক উৎসবে ৪ কোটি শিক্ষার্থী পেল ৩৫ কোটি বই**

উৎসবের মধ্য দিয়ে প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সকল শিক্ষার্থীর হাতে বিনামূল্যের পাঠ্যবই দিয়ে নতুন বছর শুরু করল সরকার। বছরের প্রথম দিন দেশজুড়ে স্কুলে উৎসবের মধ্য দিয়ে চার কোটিরও বেশি শিক্ষার্থী হাতে পেল ৩৫ কোটি ২১ লাখ ৯৭ হাজার ৮৮২ কপি নতুন ঝকঝকে পাঠ্যবই। গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) কেন্দ্রীয়ভাবে রাজধানীর আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ মাঠে পাঠ্যপুস্তক উৎসবের উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

**১০। নেতৃত্বহীনতার কারণেই নির্বাচনে ঐক্যফ্রন্টের ভরাডুবি হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, নেতৃত্বহীনতার কারণেই একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঐক্যফ্রন্টের ভরাডুবি হয়েছে। তারা অত্যন্ত অগোছালোভাবে নির্বাচনে এসেছিল। গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে নতুন বছর উপলক্ষে মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের শুভেচ্ছা বিনিময়শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, তাদের জোট ছিল নেতৃত্বহীন, মাথাবিহীন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১১। প্রধানমন্ত্রী শেখ হাসিনার মহাকর্মযজ্ঞেই এত বড় বিজয় অর্জন : তথ্যমন্ত্রী**

আগামী (৩ জানুয়ারি বৃহস্পতিবার) একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচিত সংসদ সদস্যরা শপথ নেবেন বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) কার্যালয়ে 'বিএসআরএফ-সংলাপ' অনুষ্ঠানে তিনি এ তথ্য জানান। তিনি বলেন, আগামী ৩ জানুয়ারি সংসদ সদস্যরা শপথ নেবেন। এর আগে গেজেট প্রকাশিত হবে। নতুন সরকারের প্রধান চ্যালেঞ্জ কী হবে সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, সরকারের প্রধান চ্যালেঞ্জের একটা হচ্ছে, সরকার যে উন্নয়ন করেছে সে উন্নয়নটা রক্ষা করে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাওয়া। জঙ্গি সন্ত্রাস দমন করে যে শান্তি প্রতিষ্ঠা করা হয়েছে, সে শান্তি বজায় রেখে সাম্প্রদায়িকতা ও সামরিক শাসনের যে জঞ্জাল এখনও রয়েছে সেগুলো পরিষ্কার করা। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার মহাকর্মযজ্ঞেই এত বড় বিজয় অর্জন সম্ভব হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**১২। সাশ্রয়ী ও গ্রহণযোগ্য মূল্যে বিদ্যুৎ বিতরণ সরকারের অন্যতম অগ্রাধিকার : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, সাশ্রয়ী ও গ্রহণযোগ্য মূল্যে বিদ্যুৎ বিতরণ সরকারের অন্যতম অগ্রাধিকার। এটি একটি বড় চ্যালেঞ্জও। বার বার বিদ্যুৎ ও গ্যাসের দাম না বাড়িয়ে এক্ষেত্রে একটি পদ্ধতিগত প্রক্রিয়া অনুসরণ করার পরিকল্পনা করা হচ্ছে। আর বাংলাদেশ শুধু বিদ্যুৎ উৎপাদন ও আমদানিতেই সীমাবদ্ধ থাকবে না, রপ্তানিতেও মনোযোগ দিবে। আগামী বছরের শীতেই নেপালে বিদ্যুৎ রপ্তানি করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে। গতকাল (১ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১৩। ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্থগিত ৩ কেন্দ্রে পুনঃভোট আগামী ৯ জানুয়ারি**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাহ্মণবাড়িয়া-২ (সরাইল-আশুগঞ্জ) আসনের স্থগিত ৩টি কেন্দ্রে আগামী ৯ জানুয়ারি পুনঃভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। কেন্দ্রগুলো হলো আশুগঞ্জের সোহাগপুর, যাত্রাপুর ও বাহাদুরপুর। এ তিন কেন্দ্রে মোট ভোটের সংখ্যা ১০ হাজার ৫৭৪। সহকারী রিটার্নিং কর্মকর্তা ও আশুগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার এ তথ্য জানিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১৪। সদ্য সমাপ্ত বছরে রেমিটেন্স এসেছে রেকর্ড ১৫৫৭ কোটি মার্কিন ডলার**

সদ্য সমাপ্ত বছরে বিভিন্ন দেশ থেকে ব্যাংকিং চ্যানেলে এক হাজার ৫৫৭ কোটি মার্কিন ডলারের সমপরিমাণ রেমিটেন্স দেশে এসেছে। দেশের ইতিহাসে এক বছরে রেমিটেন্স আসার এটি রেকর্ড। আগের বছরের তুলনায় প্রবৃদ্ধি হয়েছে ১৫ শতাংশের ওপরে। বৈদেশিক মুদ্রা সংগ্রহে ব্যাংকগুলোর ব্যাপক তৎপরতা, ডলার পাঠিয়ে ভালো দাম পাওয়া এবং হুন্ডি প্রতিরোধে কেন্দ্রীয় ব্যাংকের পদক্ষেপসহ বিভিন্ন ইতিবাচক প্রচারণায় রেমিটেন্স প্রবাহ ঘুরে দাঁড়িয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **যুগান্তর, বণিক বার্তা, ইন্ডিপেনডেন্ট :** প্রাথমিক থেকে নবম শ্রেণীর শিক্ষার্থীদের হাতে বিনামূল্যের বই সরবরাহ সময়মতো সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে এর সাথে সাথে মানসম্মত শিক্ষার বিস্তার নিশ্চিত করার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** প্রাণিজ আমিষের চাহিদা পূরণে ছাগলের উৎপাদন বাড়িয়ে দুধ ও মাংসের মাধ্যমে মানসম্পন্ন আমিষের সরবরাহ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব :** দেশের অভ্যন্তরীণ বিনিয়োগ ও কর্মসংস্থানের পাশাপাশি বৈদেশিক কর্মসংস্থানের মত গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সেক্টরের সমস্যাগুলো দূর করতে নতুনভাবে মূল্যায়ন ও উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন বলে মতপ্রকাশ।

ঘ. **সংবাদ :** চারটি স্থানীয় বেসরকারি সংস্থা (এনজিও) জামায়াতে ইসলামী ও জঙ্গি সংগঠনকে অর্থায়ন করছে বলে অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে যেসব সংগঠন জঙ্গি অর্থায়নে যুক্ত সেগুলো চিহ্নিত করে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **নিউ এজ, ফিনানশিয়াল এক্সপ্রেস :** বিদেশে নারীকর্মীদের শারীরিক ও মানসিক হেনস্থা থেকে রক্ষা করতে সংশ্লিষ্টদের নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ নেশন :** সম্ভাবনাময় মোটরযান শিল্পের উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় উল্লেখ করা হয়েছে, জাতির পিতার নির্দেশিত পথ অনুসরণ করে আধুনিক, বিজ্ঞানসম্মত, প্রযুক্তিনির্ভর, গণতান্ত্রিক, অসাম্প্রদায়িক, দুর্নীতি ও বঞ্চনামুক্ত সোনার বাংলাদেশ গঠনে বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার পথ খুলে দিয়েছে একাদশ জাতীয় সংসদ নির্বাচন।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'ই-বর্জ্যমুক্ত পরিবেশ গড়ে তুলুন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ই-বর্জ্য রিসাইক্লিং করা ছাড়া এর ক্ষতিকর প্রভাব থেকে মুক্তি পাওয়া সম্ভব নয়।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা